



বীর শহীদ

মো: বিপ্লব হাসান

জন্ম তারিখ: ২ ফেব্রুয়ারি, ২০০৬
শাহাদাতের তারিখ: ২০ জুলাই, ২০২৪
বিভাগ: ময়মনসিংহ
জেলা: ময়মনসিংহ

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা: ছাত্র, মজাফফর আলি ফকির স্কুল এন্ড কলেজ, কলতাপাড়া, গৌরিপুর, ময়মনসিংহ
শাহাদাতের স্থান: কলতাপাড়া বাজার, ময়মনসিংহ

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

শহীদ বিপ্লব হাসানের বাবা একজন সাইকেল মিস্ত্রী। তিনি শারীরিকভাবে অসুস্থ। তার মাসিক আয় মাত্র ৫,০০০ টাকা। যা দিয়ে ছেলেমেয়েদের পড়াশোনাসহ পুরো পরিবারের সকলের ভরণপোষণের খরচ চালাতে হিমশিম খাচ্ছিলেন। শহীদ বিপ্লব সবই বুঝতেন। তাই পরিবারের অর্থনৈতিক হাল ধরার জন্য পড়াশোনার পাশাপাশি তেলের মিলে কাজ করতেন। তাঁর ২ টা ছোটো বোন নিয়ে পরিবারের সদস্য সংখ্যা ছিল ৫ জন। বাবা-মায়ের আদরের সন্তান ছিলেন শহীদ বিপ্লব হাসান। তিন ভাই-বোনের মধ্যে ছিলেন বড়। শহীদের দাদি শহীদকে খুব ভালোবাসতেন। শহীদ বিপ্লব বাবার ওপর চাপ কমাতে অসুস্থ বাবাকে সাহায্য করতেন। তাঁর শহীদ হবার পর সে পথটাও রুদ্ধ হয়ে গেল।

ঘটনার বিবরণ

সময়টা ২০ জুলাই ২০২৪। দুপুর ১২টায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দাবি আদায়ের গৌরিপুর থানার চুরালি গ্রামে ছাত্র-জনতা বিক্ষোভ মিছিলের আয়োজন করে। উত্তাল হয়ে ওঠে কলতাপাড়া বাজার। দিনটি স্মরণীয় হয়ে থাকবে পুরো গ্রামবাসীর জন্য। দলে দলে মানুষ মিছিলে যোগ দেয়। বাদ যায়নি শহীদ বিপ্লবও। দেশ ও মানুষের জন্য নিজের জীবনের ঝুঁকি নিতেও পিছু হটেননি। বিক্ষোভ চলাকালীন শহীদ বিপ্লব হাসান ১৫০০ ছাত্রের সাথে ছিলেন। এ সময় স্বৈরাচারী খুনি হাসিনার ঘাতক পুলিশ মিছিল ছত্রভঙ্গ করতে গুলি করে। আন্দোলনকারীরা বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ে। এমতাবস্থায় পুলিশ শহীদ বিপ্লব হাসানকে গ্রেফতার করে। নির্ভিক এই কিশোরকে সেখানেই নির্দয়ভাবে মারধর করতে শুরু করে আওয়ামী বর্বর পুলিশ। সর্বশেষ বুট জুতা দিয়ে মাটির সাথে তাঁর মাথা চেপে ধরে। ঠান্ডা মাথায় তিনটি গুলি করে। প্রথমে বুকে ও পেটে এবং পরে মাথায়। ঘটনাগুলোই শহীদ হন বিপ্লব হাসান। ঘটনার পর পরিবার তাকে পাগলের মতো খুঁজতে থাকে। শহীদের নিখর দেহ খুঁজে পাওয়ার পর দাদি রোকেয়া বেগম কান্নায় ভেঙ্গে পড়েন। তার নাতীর খুনির শাস্তি চায়। শহীদ বিপ্লব হোসেনকে চুরালি, গৌরিপুরে দাফন করা হয়। সেদিন একই স্থানে বিপ্লবসহ মোট ৩ জন তরুণ, পুলিশের গুলিতে শহীদ হন। অন্য দুজন হলেন, নূর আলম সিদ্দিকী ওরফে রাফিক (২০), জোবায়ের আহমেদ (২১) গ্রামে নেমে আসে শোকের ছায়া। তারা এসব হত্যাকাণ্ডের বিচার চান।

প্রস্তাবনা:

- শহীদের পরিবারের বাসস্থান প্রয়োজন।
- শহীদের বাবার জন্য কোনো ব্যবসা প্রতিষ্ঠান করে দিলে ভালো হয়।
- শহীদের বোনদের লেখা-পড়ার খরচ যোগানে সহযোগিতা করা যেতে পারে।

এক নজরে শহীদের সংক্ষিপ্ত পরিচিতি

নাম: বিপ্লব হাসান

জন্ম তারিখ: ০২.০২.২০০৬

জন্মস্থান: চুরালি, গৌরিপুর

পেশা: শিক্ষার্থী

শিক্ষাপ্রতিষ্ঠান: মজাফফর আলি ফকির স্কুল এন্ড কলেজ, কলতাপাড়া, গৌরিপুর, ময়মনসিংহ

আহত হবার স্থান: কলতাপাড়া বাজার

শহীদ হবার স্থান: গৌরিপুর, ময়মনসিংহ

আঘাতের ধরন: গুলি বিদ্ধ

আক্রমণকারী: পুলিশ, ৩টি গুলি, দারোগা শফিক

আহত হবার তারিখ ও সময়: ২০ জুলাই, ২০২৪, দুপুর ১২:০০টা

শহীদ হবার তারিখ ও সময়: ২০ জুলাই, ২০২৪, দুপুর ১২:০০টা

শহীদদের কবরস্থান (জিপিএস লোকেশনসহ) : চুরালি, গৌরিপুর, ময়মনসিংহ, ৯০.৫২৪০৯ ৪২.৭৪০৬৪

স্থায়ী ও বর্তমান ঠিকানা : গ্রাম: চুরালি, ইউনিয়ন: ডৌহাকলা, থানা: গৌরিপুর, জেলা: ময়মনসিংহ

পরিবারসংক্রান্ত তথ্য

পিতা : মো: বাবুল মিয়া

পিতার পেশা ও বয়স : সাইকেল মিস্ত্রি, ৪২ বছর

মাতা : মোসা: বিলকিস

মাতার পেশা ও বয়স : গৃহিণী, ৩৫ বছর

মাসিক আয় : ৫,০০০

আয়ের উৎস : বাবা

শহীদদের সাথে সম্পর্ক : বাবা

পরিবারের বর্তমান সদস্য সংখ্যা : ৫ জন

বোন : ফারজানা আক্তার মীম, বয়স ও পেশা : ১৪; শিক্ষার্থী (৮ম)

বোন : জাম্মাতুল ফেরদাউস, বয়স ও পেশা : ১২; শিক্ষার্থী (৮ম)

দাদি : রোকেয়া বেগম

পবিত্র কুরআনের বাণী

নিশ্চয় আল্লাহ মুমিনদের প্রাণ ও ধন-সম্পদ জাম্মাতের বিনিময়ে ক্রয় করে নিয়েছেন। তারা আল্লাহর পথে লড়াই করে। (সূরা তাওবা ৯:১১১)

হাদীস শরীফ

হজরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “শহীদদের আত্মা সবুজ পাখির পেটে থাকে।” (সহীহ মুসলিম ১৮৮৭)

দোয়া পাঠ: ০ জন

শহীদদের স্মৃতিচিত্র ও ফটো গ্যালারি

Board of Intermediate and Secondary Education, Mymensingh
Admit Card
Secondary School Certificate Examination, 2023

Name of Student	Ripido Hasan	
Father's Name	Md. Saikat Ali	
Mother's Name	Mst. Bina	
Date of Birth	03-09-2006	Gender: Male
DOB	111606	Candidate Type: Regular
Name of Institution	Mujibur Ali Farid School And College	
Theme	Group (25)	Group: Humanities
Center	Mymensingh (2)	
Registration	107106040	Session: 2021-22
Roll	662308	Quota: Quota (77)

Seat Code	Name of Subject
101	Bangla
102	Bangla II
103	English
104	English I
105	Mathematics
106	Mathematics & Communication Technology
107	Science
108	Science & Health Education
109	History of Bangladesh & World Civilization
110	Geography and Environment
111	Class and Citizenship
112	Agriculture Studies (Optional)

Seat Code	Name of Subject
113	Physical Education, Health Science & Sports
114	Career Education

To be re-examined on: 30th April, 2023

Signature:  (Md. Shamsul Hossain)
Chairman of Board of Intermediate and Secondary Education, Mymensingh

Notes:
1. The examinee must bring the Registration Card along with the Admit Card to the examination hall.
2. The examinee must not bring any mobile phone, calculator, or any other electronic device to the examination hall.
3. The examinee must not bring any book, paper, or any other material to the examination hall.



